দৈনিক ইত্তেফাক

তারিখ JUN 07 2002
পৃষ্ঠা ১ কলাম ২

দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রী উপবৃত্তি

# প্রাথমিক শিক্ষায় উপবৃত্তির জন্য ৬৫০ কোটি টাকা বরাদ্দ

সংসদ রিপোর্টার : দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রীরা বিনা বেতনে পড়াশোনা করবে এবং উপবৃত্তি পাবে। ঐ লক্ষ্যে নতুন অর্থবছরে শিক্ষাখাতে অতিরিক্ত বরাদ্দ রাখা হয়েছে। গতকাল বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী আরো জানান, এখন থেকে শিক্ষার জন্য খাদ্য

৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## প্রাথমিক শিক্ষায় উপবৃত্তি

প্রথম পৃষ্ঠার পর

কর্মসূচীর পরিবর্তে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়া প্রত্যেক শিশুর পরিবারকে মাসিক ১০০ টাকা এবং একই পরিবারের দু'টি শিশু ভর্তি হলে সে পরিবারকে মাসিক ১২৫ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে। আগামী অর্থবছরে 'প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প' শিরোনামে এ খাতে ৬৫০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। উক্ত উপবৃত্তি প্রকল্পের কারণে প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী সংখ্যা বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রাখতে ৮ হাজার নতুন প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য আরো ২৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।